

আব্দুল্লাহ মৃত্যু (وفاة عبد الله)

পিতা আব্দুল্লাহ ব্যবসায়ের উদ্দেশ্যে তদীয় পিতা আব্দুল মুত্তালিবের হুকুমে ইয়াছরিব (মদীনা) গেলে সেখানে অসুস্থ হয়ে পড়েন এবং মাত্র ২৫ বছর বয়সে মৃত্যুবরণ করেন। সেখানে তিনি নাবেগা জা'দীর গোত্রে সমাধিস্থ হন। এভাবে রাসূলুল্লাহ (ছাঃ)-এর জন্মের পূর্বে তাঁর পিতার মৃত্যু হয়ে যায়। উল্লেখ্য যে, মদীনার বনু নাজ্জার গোত্রে আব্দুল মুত্তালিবের পিতা হাশেম বিবাহ করেন। ফলে তারা ছিলেন আব্দুল মুত্তালিবের নানার গোষ্ঠী।

মৃত্যুকালে আব্দুল্লাহ যেসব সহায়-সম্পদ রেখে গিয়েছিলেন তা ছিল যথাক্রমে পাঁচটি উট, এক

পাল ছাগল এবং একটি নাবালিকা হাবশী দাসী
বারাকাহ ওরফে উম্মে আয়মান। যিনি রাসূল (ছাঃ)-
কে শিশুকালে লালন-পালন করেন। ইনি পরে
যায়েদ বিন হারেছার সাথে বিবাহিতা হন এবং
উসামা বিন যায়েদ তাঁর পুত্র ছিলেন। তিনি রাসূল
(ছাঃ)-এর মৃত্যুর পাঁচ মাস পরে মৃত্যুবরণ
করেন'।[1]

[1]. আর-রাহীক্ব ৫৩ পৃঃ; আল-ইস্তী'আব; মুসলিম হা/১৭৭১।